

# পাঁচমুড়া মহাবিদ্যালয়



## এক-দিবসীয় আন্তর্জাতিক আলোচনাচক্র

## বিষয় : মুক্তিযুদ্ধ পরবর্তী দুই বাংলার বাংলা সাহিত্যের নানা দিক

৬ জুন ২০২৩ (মঙ্গলবার)

আয়োজক – বাংলা বিভাগ

(স্নাতক ও স্নাতকোত্তর)

পাঁচমুড়া মহাবিদ্যালয়

# আমন্ত্রণপত্র

মহাশয়/মহাশয়া,

পাঁচমুড়া মহাবিদ্যালয়ের বাংলা বিভাগ আগামী ৬ জুন ২০২৩ একটি এক দিবসীয় আন্তর্জাতিক আলোচনাচক্রের আয়োজন করতে চলেছে। 'মুক্তিযুদ্ধ পরবর্তী দুই বাংলার বাংলা সাহিত্যের নানা দিক' শিরোনামে এই আলোচনা সভায় আপনাদের সক্রিয় উপস্থিতি একান্ত ভাবে কাম্য। পাশাপাশি অধ্যাপক ও গবেষকদের কাছ থেকে উক্ত আলোচনাচক্রে গবেষণামূলক নিবন্ধ আহ্বান করা হচ্ছে।

ধন্যবাদান্তে -

ড. অনল বিশ্বাস

অধ্যক্ষ, পাঁচমুড়া মহাবিদ্যালয়

## মুক্তিযুদ্ধ পরবর্তী দুই বাংলার বাংলা সাহিত্যের নানা দিক

### বিষয় প্রসঙ্গে-

সমাজ ও সংস্কৃতির সঙ্গে সাহিত্যের নাড়ির যোগ। সাহিত্য একইসঙ্গে সময়কে যেমন গর্ভে ধারণ করে তেমনি সমাজ ও সংস্কৃতির সঙ্গে সঙ্গে নিজের গতিপথ করে পরিবর্তন। সময়ের আবর্তে অখণ্ড বাংলা পরিবর্তিত হয়েছে এপার বাংলা ও ওপার বাংলায়। দুই বাংলার মাঝখান দিয়ে বয়ে গেছে সময়ের স্রোত। এই স্রোতে বহুভাবে আন্দোলিত হয়েছে দুই বাংলার সমাজ, রাজনীতি ও অর্থনীতি তেমনি সাহিত্যের মধ্যে মানুষের প্রেম, জীবন ভাবনা, মুখের ভাষা, স্বপ্ন-যন্ত্রণা, বেঁচে থাকার সমীকরণ সবকিছুই প্রতিফলিত হয়েছে। সময়কে মাপকাঠি করে আলোচনাচক্রের বিষয় রাখা হয়েছে- 'মুক্তিযুদ্ধ পরবর্তী দুই বাংলার বাংলা সাহিত্যের নানা দিক'। মুক্তিযুদ্ধ বাঙালি জাতির জীবনে অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা। বাংলা ভাষাকে কেন্দ্র করে মুক্তিযুদ্ধে এসেছে বাংলাদেশের স্বাধীনতা। তারপরে কেটে গেছে পঞ্চাশ বছর। এই সময়ের মধ্যে দুই বাংলার সমাজে পটপরিবর্তনের প্রতিফলনই উঠে এসেছে বাংলা সাহিত্যে। গণহত্যা, রক্তপাত, লুণ্ঠন, নারীর প্রতি অমানবিক নৃশংসতা, মুক্তিযোদ্ধাদের জীবনপণ লড়াই, আত্মত্যাগ, অবমাননা, সর্বোপরি মাতৃভাষার প্রতি অকুণ্ঠ আনুগত্য উঠে এসেছে বাংলা সাহিত্যের বিভিন্ন আঙ্গিকে। স্বাধীনতা উত্তর বাংলা সাহিত্যেও উঠে এসেছে প্রেম, হতাশা, প্রতিবাদী চেতনা, পরবর্তী সময়ে আরও যোগ হয়েছে উত্তর-আধুনিকতার চর্চা। এপার বাংলার সাহিত্যেও সময়ের সঙ্গেই উঠে এসেছে সমাজ ভাবনার বর্ণিল দিক। উঠে এসেছে দেশভাগের যন্ত্রণা,

নকশাল আন্দোলনের অগ্নিগর্ভ পরিবেশ, উদ্বাস্তু সমস্যা, আধুনিক দ্বান্দ্বিক মানসিকতার সংঘাত, নারী-পুরুষের সম্পর্কের টানা পোড়েন, তৃতীয় লিঙ্গের সমস্যা, যুগ রুচির ভিন্নতা ও শিল্পের নানা প্রকরণগত দিক। বাংলা সাহিত্যে বিধৃত হয়েছে ঐতিহ্যের পুনর্নির্মাণ। পরিবর্তনশীল সমাজ ভাবনা ও সাহিত্যিক আন্দোলনে সমৃদ্ধ হয়েছে বাংলা ভাষা ও সাহিত্যের পরিসর। এই কারণে মুক্তিযুদ্ধ পরবর্তী দুই বাংলার বাংলা সাহিত্যের নানা দিক তুলে ধরাই প্রস্তাবিত আলোচনাচক্রের প্রসারিত অভিপ্রায়।

## গুরুত্বপূর্ণ তথ্য

* গবেষণাপত্রের সংক্ষিপ্তসার (অনধিক ১০০ শব্দ) জমা দেওয়ার শেষ তারিখ- ৩০/০৫/২০২৩
* পূর্ণাঙ্গ গবেষণাপত্র (অনধিক ২০০০ শব্দ) জমা দেওয়ার শেষ তারিখ- সেমিনারের দিন অর্থাৎ ৬ জুন ২০২৩
* লেখা পাঠানোর ঠিকানা- pmmbengalidepartment@gmail.com
* উল্লিখিত ঠিকানায় গবেষণাপত্রের সংক্ষিপ্তসার ও পূর্ণাঙ্গ গবেষণাপত্র ‘অভ্র’ সফটওয়্যারে টাইপ করে মাইক্রোসফট ওয়ার্ড এবং পিডিএফ আকারে পাঠাতে হবে।
* গবেষণাপত্রের শেষে গবেষকের নাম, পরিচয়, ই-মেল আইডি, মোবাইল নম্বর ও ঠিকানা থাকা আবশ্যিক।
* আলোচনা সভায় উপস্থাপিত এবং নির্ধারিত গবেষণা পত্র পরবর্তীকালে আই-এস-বি-এন (ISBN) সংকলন গ্রন্থ রূপে প্রকাশ করা হবে।

| রেজিস্ট্রেশন করার লিঙ্ক - https://forms.gle/fP6UkU1fSNfXLeWf8 |
|---|

* নির্ধারিত অনুদান-

  গবেষণাপত্র উপস্থাপন (অধ্যাপক/শিক্ষক/গবেষক)- ১০০০

  আলোচনাচক্রে অংশগ্রহণ (অধ্যাপক/শিক্ষক/গবেষক)- ৫০০
* আলোচনা সভায় অংশগ্রহণকারীদের পেমেন্ট লিংক-
* SUVENDU MONDAL UPI address- 8670161236@ybl

  CANARA BANK, A/C-0187101021352

  IFSC-CNRB0000187

  Scan Phone Pay

* পেমেন্ট করার পর screenshot নিয়ে-8670161236 এই হোয়াটসঅ্যাপ নম্বরে পাঠাতে হবে। নইলে অনুদান গ্রাহ্য হবে না।



**উদ্বোধক –**

অধ্যাপক দেবনারায়ন বন্দ্যোপাধ্যায়

উপাচার্য , বাঁকুড়া বিশ্ববিদ্যালয়



**প্রধান অতিথি –**

অধ্যাপক জয়ন্ত কুমার সাহা

ডিন, ফ্যাকাল্টি অফ আর্টস এন্ড ল, বাঁকুড়া বিশ্ববিদ্যালয়



**মুখ্য উপদেষ্টা –**

অরুপ চক্রবর্তী, সভাপতি,

কলেজ পরিচালন সমিতি

বিধায়ক, তালডাংরা বিধানসভা



**উপদেষ্টা –**

ড. অনল বিশ্বাস


অধ্যক্ষ, পাঁচমুড়া মহাবিদ্যালয়



**আমন্ত্রিত বক্তা-**

অরিন্দম চট্টোপাধ্যায়


অধ্যাপক, বাংলা বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়



**আমন্ত্রিত বক্তা-**

গোলাম মুস্তাফা, প্রাক্তন অধ্যাপক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও বিদগ্ধ লেখক



আমন্ত্রিত বক্তা-

রামকুমার মুখোপাধ্যায়

খ্যাতনামা সাহিত্যিক



আমন্ত্রিত বক্তা-

ড. তুষার কান্তি হালদার,

অধ্যক্ষ, গোবিন্দ প্রসাদ মহাবিদ্যালয়, অমরকানন

শুভেন্দু মন্ডল, আহ্বায়ক

সহকারি অধ্যাপক, বাংলা বিভাগ, পাঁচমুড়া মহাবিদ্যালয়

ড. পার্থ সেনগুপ্ত

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ (স্নাতক), পাঁচমুড়া মহাবিদ্যালয়

ড. বন্দনা সিনহা মহাপাত্র

স্নাতকোত্তর সমন্বয়কারী, বাংলা বিভাগ, পাঁচমুড়া মহাবিদ্যালয়

সহযোগিতায়- মহাশ্বেতা চ্যাটার্জী, শুভেন্দু মন্ডল, সুধাংশু দত্ত, উমাপদ সৎপথী, সুতপা সিংহ মহাপাত্র, সৌমেন বাগ, কৃষ্ণা ঘোষ, স্বর্ণকমল গোস্বামী, বিকাশ বর্মন, দেবস্মিতা ব্যানার্জী

যোগাযোগ- মহাশ্বেতা চ্যাটার্জী-7548059311, শুভেন্দু মন্ডল- 8670161236, সুধাংশু দত্ত- 9732286887, উমাপদ সৎপথী- 6294232337, সুতপা সিংহ মহাপাত্র- 9547923329, সৌমেন বাগ- 8101323079, কৃষ্ণা ঘোষ- 9775777434, স্বর্ণকমল গোস্বামী- 8789547512, বিকাশ বর্মন- 9332050409, দেবস্মিতা ব্যানার্জী- 8759170870